মেহেরপুরের মুজিবনগর ও গাংনী উপজেলার ৯টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৪৮২ জন প্রার্থীর মনোনয়নপত্র জমা

মেহেরপুরের মুজিবনগর ও গাংনী উপজেলার ৯টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে এখন প্রার্থী সংখ্যা ৪৮২ জন। রোববার (১৭ অক্টোবর) মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে চেয়ারম্যান পদে ৫০ জন, সাধারণ সদস্য পদে (মেম্বর) ৩৩৩ জন এবং সংরক্ষিত মহিলা সদস্য পদে ৯৯ জন মনোনয়ন জমা দেন। নির্বাচনে আওয়ামী লীগ, জাতীয় পার্টি, ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রার্থী রয়েছেন। পাশাপাশি স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রায় সবগুলো ইউনিয়নে মনোনয়নপত্র দাখিল করেছেন বিএনপি প্রার্থীরা।

দ্বিতীয় ধাপে দেশের ৮৪৮টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, মহাজনপুর ও বাগোয়ান ইউনিয়ন এবং গাংনী উপজেলার কাথুলী, তেঁতুলবাড়ীয়া, বামন্দি, মটমুড়া ও সাহারবাটি ইউনিয়ন পরিষদে আগামি ১১ নভেম্বর ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

রোববার (১৭/১০/২০২১) মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে প্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দেন। এর মধ্যে মেহেরপুর মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে ১৯ জন, সংরক্ষিত মহিলা সদস্যপদে ৪৩ জন এবং সাধারণ সদস্য পদে ১৪৯ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন।

অপরদিকে গাংনী উপজেলার ৫ টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে ৩১ জন, সংরক্ষিত মহিলা সদস্য পদে ৫৬ জন এবং সাধারন সদস্য পদে ১৮৪ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন।নির্বাচন পরিচালনাকারী দায়িত্বে নিয়োজিত রিটার্নিং অফিসের কার্যালয় সুত্রে জানা গেছে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নে চেয়ারম্যান পদে ৪ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন এর মধ্যে আওয়ামী লীগ মনোনীত রফিকুল ইসলাম গাইন, বর্তমান চেয়ারম্যান মফিজুর রহমান,সাবেক চেয়ারম্যান সফিকুল ইসলাম মোল্লা এবং

মাহবুবুর রহমান ডাবলু। সংরক্ষিত মহিলা সদস্য পদে ৮ জন এবং সাধারণ সদস্য পদে ৪০ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

দারিয়াপুর ইউনিয়ন চেয়ারম্যান পদে ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন এর মধ্যে আওয়ামী লীগ মনোনীত মুস্তাকিম হক খোকন, বর্তমান চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মাহবুবুল আলম রবি, মোয়াজ্জেম হোসেন নাবুল, মনজুরুল হক এবং আবুল কাশেম। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১৪ জন এবং সাধারণ সদস্য পদে ৩৩ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মহাজনপুর ইউনিয়নে চেয়ারম্যান পদে ৪ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর মধ্যে আওয়ামী লীগ মনোনীত রেজাউর রহমান নান্নু, বর্তমান চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মিসকিন আলী এবং তোফাজ্জল হোসেন চঞ্চল। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১০ জন এবং সাধারণ সদস্য পদের ৩৩ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান পদে মোট ৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর মধ্যে আওয়ামী লীগ মনোনীত কুতুবউদ্দিন, বর্তমান চেয়ারম্যান আইয়ুব হোসেন, শাহিন উদ্দিন, এবং শায়েস্তা খান মনোনয়নপত্র জমা দেন। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১১ জন এবং সাধারণ সদস্য পদে ৪৩ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

অপরদিকে গাংনী উপজেলার ৫টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে ৩১ জন সংরক্ষিত মহিলা সদস্য পদে ৫৬ জন এবং সাধারণ সদস্য পদে ১৮৪ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এর মধ্যে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান পদে ৩ জন, আওয়ামী লীগ মনোনীত প্রার্থী গোলজার হোসেন, বর্তমান চেয়ারম্যান মিজানুর রহমান রানা, আবুল বাশার, আমিনুল ইসলাম, জাফর আকবর ও শিহাব আলী মনোনয়নপত্র জমা দেন। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১৩ জন এবং সাধারণ সদস্য পদে ৩১ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন।

সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান পদে ৭ জন, আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মশিউর রহমান, বাশিরুল আজিজ,ছানারুল ইসলাম, বাবলু হোসেন, তৌহিদুল ইসলাম, রাকিবুল ইসলাম টুটুল ও আলাউদ্দিন মনোনয়নপত্র জমা দিয়েছেন। সংরক্ষিত মহিলা সদস্য পদে ৯ জন এবং সাধারণ সদস্য পদে ২৯ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন।সাহারবাটি ইউনিয়নে চেয়ারম্যান প্রার্থীদের মধ্যে জাতীয়

পার্টির ১ জন বাকিরা স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

তেঁতুলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান পদে ৯ জন, আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আব্দুল্লাহ আল মামুন, জাহাঙ্গীর আলম, আব্দুস সাত্তার, এস এম আব্দুল বারী, শরিফুল ইসলাম, রতন আলী, আমজাদুল আলম ও এনামুল হক মনোনয়নপত্র জমা দিয়েছেন। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১৩ জন এবং সাধারন সদস্যপদে ৪৩ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। তেঁতুলবাড়িয়া ইউনিয়নে ইসলামী আন্দোলনের ১ জন, বিএনপি’র ১ জনসহ বাকিরা স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মটমুড়া ইউনিয়নের চেয়ারম্যান পদে ৩ জন, আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আবুল হাসেম বিশ্বাস, মহিদুল ইসলাম ও আবদুস সালাম মনোনয়নপত্র জমা দিয়েছেন। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১১জন এবং সাধারণ সদস্য পদে ৩৯ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। জাপার ১ জন এবং অন্যজন স্বতন্ত্র।

বামন্দি চেয়ারম্যান পদে ৬ জন, আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ওবায়দুর রহমান কমল, বিএনপি থেকে আব্দুল আওয়াল, হবি, আজিজুল হক ও সোহেল রানা মনোনয়নপত্র জমা দিয়েছেন।সংরক্ষিত মহিলা সদস্য পদে ১০ জন এবং সাধারন সদস্যপদে ৪২ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গাংনী উপজেলার মটমুড়া ও বামন্দী ইউনিয়ন পরিষদ নির্বাচনে রির্টানিং কর্মকর্তা হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার এবং বাকি তিনটি ইউনিয়নে উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ রির্টানিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। রোববার বিকাল ৫টা পর্যন্ত মনোনয়নপত্র দাখিলের শেষ সময় পর্যন্ত এসকল প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেন বরে জানিয়েছেন দুই রির্টার্নিং অফিসার।
রির্টানিং অফিসার সুত্রে জানা গেছে, ২০ অক্টোবর মনোনয়নপত্র বাছাই এবং ২৬ অক্টোবর প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন ধার্য রয়েছে।

গাংনীতে শিশু যৌন নির্যাতনের অভিযোগে মামলা

মেহেরপুর গাংনী সাহারবাটি গ্রামে চকলেট দেবার প্রলোভনে সাত বছরের এক শিশুকে জোর পুর্বক যৌন নির্যাতনের ঘটনা ঘটেছে। এ অভিযোগে থানায় মামলা হয়েছে। গত (১৭ অক্টোবর) রবিরার রাতে শিশুটির মা বাদি হয়ে একটি মামলা করেন। গাংনী থানায় মামলা নং-৩৪ ।

এজাহারে জানাগেছে, রবিবার বিকেল তিন টার সময় গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে মৃত ছানোয়ার হোসেনের ওরফে সাইনুদ্দিনের ছেলে লাল্ট ◌ুমিয়া (৪০) তার প্রতিবেশি প্রথম শ্রেনীর এক ছাত্রী (শিশুকণ্যা কে চকলেট দেবার কথা বলে ঘরে ডেকে নেয়। শিশুটি লাল্টুর ঘরে ওঠার সাথে সাথে ঘরের দরজা লাগিয়ে দেয় এবং শিশুটির মুখ চেপে ধরে যৌন নির্যাতনের চেস্টা করে। এসময় রক্তক্ষরণ শুরু হলে শিশুটি কে ছেড়ে দেয়। বাড়ি গিয়ে ঘটনাটি তার বাবা মায়ের কাছে বিবরণ দিতেই অসুস্থ্য হয়ে পড়ে ওই শিশু। পরিবারের লোকজন শিশুটিকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। এঘটনায় লম্পট লাল্টুকে আটকের চেষ্টা করলে লাল্টু পালিয়ে যায়। লাল্টু এর আগেও বেশ কয়েকটি শিশুকে বলাৎকারের ঘটনা ঘটিয়েছে বলে অভিযোগ করেন স্থানীয়রা। লাল্টু প্রভাবশালী হওয়ায় এমন ঘটনা ঘটানোর জন্য দেনদরবারের মাধ্যমে ছাড়া পেয়ে যায়। পুর্বের ঘটনায় শাস্তি না হওয়ায় তার লাম্পট্য বেড়েই চলেছে। এঘটনায় লাল্টুর উপযুক্ত ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবী করেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, কিষয়টি জানার সাথে সাথে পুলিশ পাঠনো হয়েছে। এবং শিশুটিকে পুলিশ হেফাজতে নেয়। এবিষয়ে মামলা হয়েছে এবং অভিযুক্তকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

মেহেরপুরে রিপেয়ার টেকনিশিয়ান এসোসিয়েশনের ১ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ রিপেয়ার টেকনিশিয়ান এসোসিয়েশন এর প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।
গতকাল রবিবার বিকালে মেহেরপুর হোটেল বাজারস্থ তাপস মোবাইল সার্ভিসিং সেন্টারে কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। এর আগে এসোসিয়েশনের বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে মেহেরপুর রিপেয়ার টেকনিশিয়ান এসোসিয়েশনের আহবায়ক সাইফুল আযম তাপস এর নেতৃত্বে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।
এ সময় সাইফুল আযম তাপস বলেন, আমাদের দাবি টেকনিশিয়ান হিসেবে মর্যাদা দিয়ে সরকারি সুযোগ সুবিধার আওতায় আনতে হবে। এ সময় মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় টেকনিশিয়ান গণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে চেয়ারম্যান পদে ৪৯ প্রার্থীর মনোনয়ন জমা

২য় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে মেহেরপুরের মুজিবনগরের ৪টিতে ২০জন এবং গাংনীর ৫টিতে ২৯ জন চেয়ারম্যান পদে মনোনয়ন জমা দিয়েছেন।
মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউয়িনে আওয়ামী লীগ দলীয় প্রার্থী কুতুব উদ্দীন, বিদ্রোহী প্রার্থী বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আইয়ুব হোসেন, ইউনিয়ন আওয়ামী লীগের অর্থ সম্পাদক শায়েস্তা খান, জিল্লুর রহমান ও ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক শাহিন উদ্দীন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন।

মোনাখালী ইউনিয়নে আওয়ামী লীগ দলীয় প্রার্থী রফিকুল ইসলাম গাইন, বিদ্রোহী প্রার্থী বর্তমান চেয়ারম্যান ও যুবলীগ নেতা মফিজুর রহমান, ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম, সাবেক চেয়ারম্যান মাহবুবুর রহমান ও খান জাহান আলী স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন। দারিয়াপুর ইউনিয়নে আওয়ামী লীগ প্রার্থী মো: মোস্তাকিম, আওয়ামী লীগ নেতা মোঃ আব্দুল কাসেম, মোঃ মোয়াজ্জেম হোসেন, মনজুরুল , বর্তমান চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, এস এম মাহাবুব আলম স্বতন্ত্র প্রার্থী।
মহাজনপুর ইউনিয়নে আওয়ামী লীগ প্রার্থী রেজাউর রহমান, স্বতন্ত্র প্রার্থী হিসেবে সাবেক স্বেচ্ছাসেবক লীগ নেতা মোঃ মিসকিন মোহাম্মদ, মোঃ তোফাজ্জেল হোসেন, বর্তমান চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলার আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আমাম হোসেন। গাংনীর মটমুড়া ইউনিয়নে আওয়ামী লীগ প্রার্থী আবুল হাশেম, বর্তমান চেয়ারম্যান ও বিদ্রোহী প্রাথী সোহেল আহমেদ, জাতীয় পাটির আব্দুস সালাম।
বামন্দী ইউনিয়নে আওয়ামী লীগ প্রার্থী ওবায়দুর রহমান কমল, বিদ্রোহী প্রার্থী হাবিবুর রহমান হবি, হাফিজুল হক, স্বতন্ত্র হিসেবে আব্দুল আওয়াল, মেহেদী হাসান, সোহেল রানা।
কাথুলীতে আওয়ামী লীগ প্রার্থী গোলজার হোসেন, বর্তমান চেয়ারম্যান ও বিদ্রোহী প্রার্থী মিজানুর রহমান রানা, আবুল বাশার, বিএনপির জাফর আকবার, বিদ্রোহী সিহাব আলী, বিদ্রোহী আমিনুল ইসলাম।
সাহারবাটি ইউনিয়নে আওয়ামী লীগ প্রার্থী মশিউর রহমান, বিদ্রোহী রাকিবুল ইসলাম টুটুল, তৌহিদুল ইসলাম, বিএনপির কাশিরুল এজাজ হাসান, জাতীয় পার্টির বাবুল হোসেন।
তেতুলবাড়ীয়া ইউনিয়নে আওয়ামী লীগ প্রার্থী আবদুল্লাহ আল মামুন, বিএনপি প্রার্থী ও বর্তমান চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, বিদ্রোহী আমিনুল ইসলাম, আব্দুস সাত্তার, রতন আলী, এনামুল হক, আমজাদুল সবুজ, সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, স্বতন্ত্র শরিফুল ইসলাম।
মুজিবনগর ও গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা পৃথকভাবে এ তথা নিশ্চিত করেছেন।

দুই উপজেলা নির্বাচন অফিসের তথ্যমতে, গাংনী উপজেলার পাচঁটি ইউনিয়নে সাধারণ সদস্য পদে ১৮৪জন ও সংরক্ষিত নারী আসনে ৫৬ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এ উপজেলার পাঁচটি ইউনিয়নে ভোটার

সংখ্যা ১১৮৬৯০ জন, পুরুষ ৫৮৮৮৫, নারী ৫৯৮০৫জন।
মুজিবনগর উপজেলার চারটি ইউনিয়নে সাধারণ সদস্য পদে ১৪৯ জন ও সংরক্ষিত মহিলা সদস্য পদে ৪৩ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন। চারটি ইউনিয়ন নিয়ে গঠিত মুজিবনগর উপজেলায় মোট ভোটার সংখ্যা ৮৭ হাজার ৪৫৩ জন, পুরুষ ভোটার ৪৩ হাজার ৭৩৭ জন ও মহিলা ভোটার ৪৩ হাজার ৭১৬ জন।

বাগোয়ান ইউপির নৌকা প্রার্থী কুতুব উদ্দিনের মনোনয়নপত্র জমা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপে বাংলাদেশ আওয়ামী লীগ কর্তৃক মনোনীত মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের নৌকার চেয়ারম্যান পদপ্রার্থী কুতুব উদ্দিন মল্লিক মনোনয়নপত্র জমা দিয়েছেন। রবিবার দুপুরে উপজেলার নির্বাচন কমিশনারের কার্যালয়ে স্থানীয় নেতাকর্মী নিয়ে মনোনয়নপত্র জমা দেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসূল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান সহ আওয়ামীলীগের তৃনমূলের নেতাকর্মীরা।

উল্লেখ্য, ১৭ তারিখ মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিনে মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়নে দলীয়সহ স্বতন্ত্র প্রার্থী হিসাবে ২০ জন চেয়ারম্যান পদপার্থী,৩৬ টি ওয়ার্ডের পুরষ আসনে ১৪৭ জন পুরুষ মেম্বার পার্থী ও ১২ টি সংরক্ষিত মহিলা আসনে ৪৩ জন মহিলা মেম্বার পদপ্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গাংনীর সাহারবাটিতে শিশুকে যৌন নির্যাতন

গাংনী উপজেলার সাহারবাটি বাঙ্গালপাড়া গ্রামে মৃত ছানোয়ার হোসেনের ওরফে সাইনুদ্দিনের ছেলে লাল্টু মিয়ার বিরুদ্ধে প্রথম শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। স্থানীয়রা শিশুটিকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেছে।

রবিবার বিকেল তিন টার সময় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সাহারবাটি বাঙ্গালপাড়া গ্রামের মৃত ছানোয়ার হোসেনে ছেলে লাল্টু মিয়া (৩৫) তার স্ত্রীর অনুপস্থিতিতে প্রতিবেশি এক শিশু কন্যাকে মিস্টি দেবার লোভ দেখিয়ে ঘরে ডাকে। পরে তাকে মুখ চেপে ধরে ধর্ষণের চেষ্টা করে। এসময় শিশুটি চিৎকার করে এবং কান্নাকাটি করলে লম্পট লাল্টু তাকে ছেড়ে দেয়।

শিশুটি বাড়িতে গিয়ে অসুস্থ হয়ে পড়লে তার পরিবারের লোকজন প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার করেন। এঘটনায় লম্পট লাল্টুকে আটকের চেষ্টা করলে লাল্টু পালিয়ে যায়।

লম্পট লাল্টু এর আগেও বেশ কয়েকটি শিশুকে বলাৎকারের ঘটনা ঘটিয়েছে বলে অভিযোগ করেন স্থানীয়রা। লাল্টু প্রভাবশালী হওয়ায় এমন ঘটনা ঘটানোর জন্য দেনদরবারের মাধ্যমে ছাড়া পেয়ে যায়। পুর্বের ঘটনায় শাস্তি না হওয়ায় তার লাম্পট্য বেড়েই চলেছে। এঘটনায় লাল্টুর উপযুক্ত ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবী করেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, কিষয়টি জানার সাথে সাথে পুলিশ পাঠনো হয়েছে। এবং শিশুটিকে পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। এবিষয়ে মামলার প্রস্তুতি চলছে। এবং অভিযুক্তকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

গাংনীর তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ থেকে বোমা সদৃশ ২টি বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ০২ নম্বর তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ থেকে দুটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের গ্রিলের পাশ থেকে এ বস্তু দুটি উদ্ধার করা হয়।

৪ নম্বর ওয়ার্ড রামদেবপুর গ্রামের চৌকিদার মনিরুল ইসলামের নিকট থেকে জানা গেছে, রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের ভেতরের অংশে গ্রিলের পাশে একটি টিস্যু শপিং ব্যাগের মধ্যে লাল স্কচ টেপ দিয়ে জড়ানো দুটি বোমাসদৃশ বস্তু দেখতে পান। তাৎক্ষণিকভাবে তিনি এ বিষয়টি স্থানীয় লোকজন ও তার কর্মকর্তাকে জানান। সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম বস্তু দুটিকে উদ্ধার করে বালতির পানিতে ডুবিয়ে নিয়ে যায়।

তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম জানান, লাল স্কচ টেপ দিয়ে মোড়ানো দুটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়েছে বিষয়টি তিনি শুনেছেন। কে বা কাহারা এ ঘটনা ঘটাতে পারে বলে আপনি মনে করেন? সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে তিনি জানান, কে বা কাহারা এ ঘটনা ঘটিয়েছে সেটা তিনি জানেন না। তবে নির্বাচনকে সামনে রেখে ভয়-ভীতি দেখানোর উদ্দেশ্যে কেহ এ ধরনের কাজ করতে পারে বলে যে তিনি প্রাথমিকভাবে ধারনা করছেন।

এ বিষয়ে গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের পিছন দিক থেকে বোমা সদৃশ দুইটা বস্তু কে বা কাহারা রেখে গেছে। এমন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল থেকে বস্তুটিকে উদ্ধার করে নিয়ে আসে। তবে কে বা কাহারা কি উদ্দেশ্যে এটা রেখে গেছে প্রাথমিকভাবে তার কারণ জানা সম্ভব হয়নি। এ ঘটনা তদন্তে পুলিশ মাঠে রয়েছেন।

গাংনীর তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ থেকে বোমা সাদৃশ্য ২টি বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ০২ নম্বর তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ। রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের গ্রিলের পাশ থেকে এ বস্তু দুটি উদ্ধার করা হয়।
৪ নম্বর ওয়ার্ড রামদেবপুর গ্রামের চৌকিদার মনিরুল ইসলামের নিকট থেকে জানা গেছে, রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের ভেতরের অংশে গ্রিলের পাশে একটি টিস্যু শপিং ব্যাগের মধ্যে লাল টেপ দিয়ে জড়ানো দুটি বোমাসদৃশ বস্তু দেখতে পান। তাৎক্ষণিকভাবে তিনি এ বিষয়টি স্থানীয় লোকজন ও তার কর্মকর্তাকে জানান। সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম বস্তু দুটিকে উদ্ধার করে বালতির পানিতে ডুবিয়ে নিয়ে যায়।
তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম জানান, লাল টেপ দিয়ে জড়ানো দুটি বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়েছে বিষয়টি তিনি শুনেছেন। কে বা কাহারা এ ঘটনা ঘটাতে পারে বলে আপনি মনে করেন? সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে তিনি জানান, কে বা কাহারা এ ঘটনা ঘটিয়েছে সেটা তিনি জানেন না। তবে নির্বাচনকে সামনে রেখে ভয়-ভীতি দেখানোর উদ্দেশ্যে কেহ এ ধরনের কাজ করতে পারে বলে যে তিনি প্রাথমিকভাবে ধারনা করছেন।
এ বিষয়ে গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ বিল্ডিংয়ের পিছন দিক থেকে লাল টিপ দিয়ে জড়ানো বোমা সদৃশ দুইটা বস্তু কে বা কাহারা রেখে গেছে। এমন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল থেকে বস্তুটিকে উদ্ধার করে নিয়ে আসে। তবে কে বা কাহারা কি উদ্দেশ্যে এটা রেখে গেছে প্রাথমিকভাবে তার কারণ জানা সম্ভব হয়নি। এ ঘটনা তদন্তে পুলিশ মাঠে রয়েছেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ৪

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় দেলোয়ার হোসেন নামের এক ব্যক্তি নিহত ও শিশুসহ ৪ জন আহত হয়েছে। রবিবার সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর সদর উপজেলার চাদবিল ইম্প্যাক্ট এলাকায় এঘটনা ঘটে।

নিহত দেলোয়ার হোসেন চুয়াডাঙ্গা জেলার আসমানখালী মুচাইনগর গ্রামের বাসিন্দা। আহতরা হলেন- একই এলাকার চম্পা খাতুন,সাহেরা খাতুন, রুনা খাতুন ও ভ্যান চালক সহরদ্দিন। আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত চম্পা খাতুন বলেন, দেলোয়ার হোসেন স্ট্রোক জনিত রোগে ভুগছিলেন। তার চিকিৎসার জন্য একটি পাখিভ্যানযোগে মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামে ডাক্তারের কাছে যাচ্ছিলাম।

পথিমধ্যে মেহেরপুর সদর উপজেলার চাদবিল ইম্প্যাক্ট এলাকায় পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি মাইক্রো পাখিভ্যানে ধাক্কা দেয়। এসময় ভ্যানসহ আমরা সকলে ছিটকে একটি গর্তে পড়ি। স্থানীয়রা আমাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। হাসপাতালে নেওয়ার পথে দেলোয়ার হোসেন মারা যায়।

গাংনীর কাথুলী ইউপি চেয়ারম্যান প্রার্থী মিজানুর রহমান রানা’র মনোনয়ন পত্র জমা

আগামী ১১ ই নভেম্বর অনুষ্ঠিতব্য মেহেরপুরের গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়ন পত্র জমা দিয়েছেন বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মোঃ মিজানুর রহমান রানা। শনিবার দুপুর ২ টায় গাংনী উপজেলা

নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা মোঃ আব্দুল আজিজের কাছে মনোনয়ন পত্র জমা দেন।
মনোনয়ন পত্র জমাদান শেষে তিনি সাংবাদিকদের বলেন, অতীতের মতো ভবিষ্যতেও উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও এলাকাবাসী প্রত্যাশার কারণে চেয়ারম্যান প্রার্থী হয়েছেন।
তিনি চেয়ারম্যান নির্বাচিত হলে কাথুলী ইউনিয়নের চলমান কাজ শেষ করবেন বলে আশা প্রকাশ করে ভোটার কর্মী সমর্থকদের দোয়া ও সমর্থন কামনা করেন।